

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০১.২৩.৭৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৯

০৮ মার্চ ২০২৩

বিষয়: ল্যাপটপ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যাকেজ নম্বর জিডি ১০১.০১ এর অধীনে ৫টি লটে ২৬০০০টি ল্যাপটপ ও প্যাকেজ নম্বর জিডি ৩০১.০১ এর অধীনে ৫টি লটে ১৫০০০টি ল্যাপটপ সর্বমোট ৪১০০০টি ল্যাপটপ ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড ২০টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সরবরাহ করে। Post Landing Inspection (PLI) এর অংশ হিসেবে সরবরাহকৃত ল্যাপটপসমূহ হতে ১% হারে ল্যাপটপ বুয়েট কর্তৃক পরীক্ষা/টেস্ট করা হয়। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ২০টি জেলায় সরবরাহকৃত ল্যাপটপের মধ্যে ১ম পর্যায়ে ১৫টি জেলার ২৫৭৮৫টি ল্যাপটপ বিতরণের জন্য আদেশ জারি করা হয়। অবশিষ্ট ৫টি জেলার মধ্যে ৪টি জেলাতে গঠিত ৩ সদস্য বিশিষ্ট Technical Inspection and Acceptance Committee কর্তৃক টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুসারে যাচাই করে সঠিক পাওয়া যাওয়ায় ১৩১১১টি ল্যাপটপ বিদ্যালয় পর্যায়ে বিতরণের জন্য তালিকাসহ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হয়েছে। তা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এক্ষণে, নিম্নবর্ণিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখের মধ্যে বিতরণের বিষয়টি সার্বিকভাবে সমন্বয় করবেন।

ক্রমিক নং	বিতরণকারী অফিসের নাম	গ্রহণকারী ডিপিইও অফিসের নাম ও ল্যাপটপ সংখ্যা	মোট ল্যাপটপ সংখ্যা
১	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা	বাগেরহাট-৮৯১, সাতক্ষীরা-৬৪৫ ও খুলনা-৭৩৮	২২৭৪
২	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পটুয়াখালী	পিরোজপুর-৪৮৫, ভোলা-৯৩২, পটুয়াখালী-১১৮৬ ও বরগুনা-৭৬৯	৩৩৭২
৩	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রংপুর	রংপুর-৯৫৭, লালমনিরহাট-৫৮৯, কুড়িগ্রাম-১০৭০ ও গাইবান্ধা-৮০৫	৩৪২১
৪	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, দিনাজপুর	নীলফামারী-৭৭১, পঞ্চগড়-৫৮৫, গাইবান্ধা-১১৭, ঠাকুরগাঁও-৮৯৭ ও দিনাজপুর-১৬৭৪	৪০৪৪
সর্বমোট:			১৩১১১

২। সংযুক্ত তালিকা অনুযায়ী প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট ল্যাপটপ সরবরাহের ভেন্যু হতে ল্যাপটপ গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারগণের নিকট হস্তান্তর করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের নিকট হস্তান্তর করবেন এবং তালিকাতে ল্যাপটপের সিরিয়াল নম্বর / বারকোড উল্লেখ করে গ্রহণের স্বাক্ষর নিবেন। গ্রহণের স্বাক্ষর সম্বলিত তালিকার ১টি কপি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন।

৩। কুড়িগ্রাম জেলায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এবং রংপুর ও নরসিংদী জেলায় সম্মানিত সচিব মহোদয় ল্যাপটপ বিতরণ উদ্বোধন করবেন।



৯-৩-২০২৩

শাহীনুর শাহীন খান

পরিচালক (আইএমডি) (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ :

- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পটুয়াখালী
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা
- ৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রংপুর
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.০৭.০০১.২৩.৭৩/১(৫)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৯

০৮ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রকিউরমেন্ট) দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) মাননীয় প্রতিমন্ত্রী মহোদের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাট/সাতক্ষীরা/পিরোজপুর/ভোলা/বরগুনা/নীলফামারী/পঞ্চগড়/গাইবান্ধা/ঠাকুরগাঁও/লালমনিরহাট/কুড়িগ্রাম।
- ৫) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



৯-৩-২০২৩

শাহীনুর শাহীন খান

পরিচালক (আইএমডি) (অতিরিক্ত দায়িত্ব)